*ইউ. এস. ইক্যুয়াল এমপ্লয়েমেন্ট অপরচুনিটি কমিশন*

# বৈষম্য প্রতিরোধ ভাল কাজ

***বৈষম্য প্রতিরোধ ভাল ব্যবসায়িক অনুভূতি তৈরি করে।*** আইন অনুসরণ করে চলা কর্মীদের উৎপাদনশীলতা, রক্ষণ এবং নৈতিকতার বৃদ্ধি করতে এবং আইন সংক্রান্ত ক্ষেত্রে ব্যয় সঙ্কোচন করতে পারে। শারীরিক অক্ষমতা থাকা ব্যক্তিদের নিয়োগ করার জন্য বা আপনার ব্যবসায়কে শারীরিক অক্ষমতা থাকা ব্যক্তিদের কাছে অ্যাক্সেসযোগ্য করার জন্য আপনি কর ছাড়ের জন্যও যোগ্য বলে বিবেচিত হতে পারেন! আরও তথ্যের জন্য http://www.eeoc.gov/eeoc/publications/adahandbook.cfm#appendixa দেখুন।

***EEOC স্বল্পমাত্রার ব্যবসায়ের মালিকদের সাহায্য করতে পারে!*** EEOC হল ফেডেরাল সরকারী এজেন্সি এটি জাতি, গায়ের রঙ, ধর্ম, লিঙ্গ পরিচয়, জাতীয়তার উৎস, অক্ষমতা, বয়স এবং জিনগত তথ্যের ভিত্তিতে কর্মীদের বৈষম্যের বিরুদ্ধে ফেডেরাল আইনগুলি বলবৎ করে। এই আইনগুলি বৈষম্যের বিরোধিতা করা বা প্রতিবেদন করা বা কোনও বৈষম্যের তদন্ত বা আইনি প্রক্রিয়ায় অংশ নেওয়ার জন্য প্রতিশোধ (শাস্তি)কেও নিষিদ্ধ করে।

## আপনার দায়িত্বসমূহ

- নিয়োগের সিদ্ধান্তগুলি জাতি, গায়ের রঙ, ধর্ম, লিঙ্গ পরিচয়, জাতীয়তা, শারীরিক অক্ষমতা, বয়স বা জিনগত তথ্যের ভিত্তিতে নয় তা নিশ্চিত করুন।
- কর্মক্ষেত্রে পলিসিগুলি এবং অনুশীলনগুলি কাজের সাথে সম্পর্কিত এবং অআনুপাতিক ভাবে কোনও বিশেষ জাতি, গায়ের রঙ, ধর্ম, লিঙ্গ পরিচয়, জাতীয়তা, শারীরিক অক্ষমতা বা বয়সের ব্যক্তিকে বহির্ভূত করে না।
- জাতি, গায়ের রঙ, ধর্ম, লিঙ্গ পরিচয়, জাতীয়তা, শারীরিক অক্ষমতা, বয়স বা জিনগত তথ্যের কারণে কোনও কর্মীকে হয়রানি করা হচ্ছে না তা নিশ্চিত করুন।
- একই কাজ করা পুরুষ এবং মহিলা কর্মীদের সমান পারিশ্রমিক প্রদান করুন, অন্যথায় আপনি আইন অনুসারে পারিশ্রমিকের পার্থক্যর যথার্থতা ব্যাখ্যা করতে পারবেন না।
- বৈষম্যের অভিযোগগুলির ক্ষেত্রে স্বত্বর এবং পর্যাপ্ত পরিমাণে প্রতিক্রিয়া জানান। হয়রানি এবং বৈষম্য বন্ধ করুন, ব্যবস্থা গ্রহণ করুন এবং প্রতিরোধ করুন। কর্মীরা অভিযোগ করার জন্য শাস্তি পাচ্ছে না তা নিশ্চিত করুন।
- যথোপযুক্ত থাকার ব্যবস্থা সরবরাহ করুন যে আবেদনকারী এবং কর্মীদের চিকিৎসা এবং ধর্মীয় কারণে সুবিধার প্রয়োজন তা যদি আইন অনুসারে প্রয়োজনীয় হয় তবে তাদের তা সরবরাহ করুন (কোনও সূচিতে পরিবর্তনের অনুমতি দান যাতে কোনও কর্মী কোনও চিকিৎসকের অ্যাপয়েন্টমেন্টে যেতে পারে বা কোনো ধর্মীয় ছুটির দিন উদযাপন করতে পারে তার জন্য স্বাভাবিক ভাবে কাজগুলির সূচিকে পরিবর্তন করা)।
- ফেডেরাল কর্মনিয়োগে বৈষম্যের আইনগুলো বর্ণনা করে এমন একটি পোস্টার প্রদর্শন করুন। (বিনামূল্যে http://www1.eeoc.gov/employers/poster.cfm)-এ একটি ডাউনলোড করুন)।
- আইন অনুসারে নিয়োগের রেকর্ডগুলো রাখুন (যেমন আবেদনগুলো বা কর্মী সংক্রান্ত রেকর্ডগুলো)।

আপনার কাছে ফেডেরাল, প্রদেশ বা স্থানীয় আইনগুলোর অধীনে অতিরিক্ত দায়িত্ব থাকতে পারে।

## আমরা কী ভাবে সহায়তা করতে পারি

- আমরা যে আইন বলবৎ করি সে সম্পর্কে **আমরা আপনার প্রশ্নগুলোর উত্তর দিতে পারি**।
- আমরা আপনাকে হয়রানি, প্রতিশোধ এবং অন্যান্য প্রকারের বেআইনি বৈষম্য প্রতিরোধ করতে সহায়তা করতে **পরামর্শগুলো সরবরাহ করতে পারি**।
- আমরা আপনাকে কর্মস্থানে অধিকারগুলো এবং দায়িত্বগুলো সম্পর্কে **আপনাকে এবং আপনার কর্মীদের প্রশিক্ষণ দিতে পারি**।
- আমরা আপনাকে মধ্যস্থতার মাধ্যমে **বৈষম্যের EEOC চার্জগুলো (অভিযোগগুলো) নিষ্পত্তি করতে সহায়তা করতে পারি**। EEOC মধ্যস্থতা হল বিবাদগুলো সমাধান করতে একটি বিনামূল্যে, আনুষ্ঠানিকতাবিহীন, গোপনীয় প্রক্রিয়া, এটি আপনার সময় এবং অর্থ সাশ্রয় করতে পারে।

## আমাদের সাথে যোগাযোগ করুন!

**দেশজুড়ে EEOC কর্মী আপনাকে সহায়তা করতে উপলব্ধ রয়েছেন। অপেক্ষা করবেন না; আমাদের সাথে আজই যোগাযোগ করুন!**
প্রয়োজন হলে বিনামূল্যে ভাষা সহায়তা উপলব্ধ।

- ***EEOC তথ্য বা প্রশিক্ষণের প্রয়োজন?***
আপনার স্থানীয় EEOC ক্ষুদ্র ব্যবসায়ের সংযোগ (http://www.eeoc.gov/employers/contacts.cfm)-এর সাথে যোগাযোগ করুন বা আমাদের 1-800-669-4000 (TTY: 1-800-669-6820)-এ কল করুন।

- ***আমরা যে আইনগুলো বলবৎ করি সে সম্পর্কে তথ্য প্রয়োজন?***
আ ´দের (202) 663-4691-এ কল করুন।

- ***আপনার ব্যবসায়ের বিরুদ্ধে একটি বৈষম্যের EEOC চার্জ সম্পর্কে প্রশ্ন রয়েছে?***
আপনার দায়িত্বে নিয়োজিত EEOC পরীক্ষকের সাথে যোগাযোগ করুন।

আমরা আপনার কাছ থেকে শুনতে অধীর ভাবে আগ্রহী!

অতিরিক্ত তথ্যের জন্য আপনার স্থানীয় EEOC ক্ষুদ্র ব্যবসায়ের সংযোগ (http://www.eeoc.gov/employers/contacts.cfm)-এ যোগাযোগ করুন।